

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৯/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৮ জানুয়ারি, বুধবার ২০২৩, ০৪ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। একনেকে কিশোরগঞ্জে ৫ হাজার ৬৫১ কোটি টাকা ব্যয়ে এলিভেটেড সড়ক নির্মাণ প্রকল্পের অনুমোদন
- ০২। সংসদ উপনেতা হলেন মতিয়া চৌধুরী
- ০৩। প্রতিবন্ধী প্রার্থীদের জন্য প্রাথমিকে ১১৪ পদ সংরক্ষণের নির্দেশ
- ০৪। ময়মনসিংহ বিভাগীয় শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমসের দ্বিতীয়পর্ব শুরু
- ০৫। শেরপুরে পুরনো ডিসি লেক পুন:খনন কাজের উদ্বোধন

০১। একনেকে কিশোরগঞ্জে ৫ হাজার ৬৫১ কোটি টাকা ব্যয়ে এলিভেটেড সড়ক নির্মাণ প্রকল্পের অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলা সদর থেকে করিমগঞ্জ উপজেলা পর্যন্ত সড়ক যোগাযোগে এলিভেটেড সড়ক নির্মাণে ৫ হাজার ৬৫১ কোটি ১৩ লাখ টাকার একটি প্রকল্প অনুমোদন করেছে। মঙ্গলবার (১৭ জানুয়ারি) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেকের বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান জানান, বৈঠকে মোট ১১টি প্রকল্প অনুমোদন দেয়া হয়েছে। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক আজকের বাংলাদেশ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঙ্গিকা, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক দিনের পালা।

০২। সংসদ উপনেতা হলেন মতিয়া চৌধুরী

জাতীয় সংসদের উপনেতা হলেন বেগম মতিয়া চৌধুরী। আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য মতিয়া চৌধুরীকে রাষ্ট্রপতি আবদুল হামিদ উপনেতা হিসেবে স্বীকৃতি দিয়েছেন। সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব কে এম আব্দুস সালাম মঙ্গলবার (১৭ জানুয়ারি) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক জাহান, দৈনিক দিনের পালা ও দৈনিক বিশ্বের মুখপত্র।

০৩। প্রতিবন্ধী প্রার্থীদের জন্য প্রাথমিকে ১১৪ পদ সংরক্ষণের নির্দেশ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদের নিয়োগ পরীক্ষা-২০২২ এ ১১৪টি পদ সংশ্লিষ্ট জেলার প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষণের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ১৪৪ প্রার্থীর করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে মঙ্গলবার (১৭ জানুয়ারি) বিচারপতি কে এম কামরুল কাদের ও বিচারপতি মোহাম্মদ আলীর হাইকোর্ট বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৪। ময়মনসিংহ বিভাগীয় শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমসের দ্বিতীয়পর্ব শুরু

বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের ব্যবস্থাপনায় ও ময়মনসিংহ বিভাগীয় ক্রীড়া সংস্থার আয়োজনে শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস-২০২৩ এর দ্বিতীয় পর্ব (আন্তঃজেলা, ময়মনসিংহ বিভাগ, ১৭-২২ জানুয়ারি) শুরু হয়েছে। মঙ্গলবার (১৭ জানুয়ারি) ময়মনসিংহের রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে জাতীয় পতাকা ও অলিম্পিক এসোসিয়েশনের পতাকা উত্তোলন, থিমসং এর মাধ্যমে বেলুন উড়িয়ে আনুষ্ঠানিকভাবে যুব গেমস এর শুভ উদ্বোধন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার ও বিভাগীয় ক্রীড়া সংস্থার সভাপতি মো. শফিকুর রেজা বিশ্বাস। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক আজকের বাংলাদেশ, দৈনিক জাহান, দৈনিক ঙ্গিকা ও দৈনিক দেশের খবর।

০৫। শেরপুরে পুরনো ডিসি লেক পুনঃখনন কাজের উদ্বোধন

শেরপুরে প্রায় আড়াই শত বছরের পুরনো ডিসি লেক এর পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (১৭ জানুয়ারি) এ লেক খননকাজের উদ্বোধন করেন শেরপুর জেলা প্রশাসক সাহেলা আক্তার। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক ঙ্গিকা, দৈনিক দেশের খবর ও দৈনিক বিশ্বের মুখপত্র।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** চলমান অর্থনৈতিক সংকটকালে সব মহলের আপত্তি সত্ত্বেও গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়াল সরকার। সাধারণ মানুষের কথা চিন্তা করে বিদ্যুতের দাম সমন্বয় করবে সরকার, এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক ঈশিকা, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক দিগন্ত বাংলা:** সাম্প্রতিক চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়ার অগ্নিকাণ্ডে এক পরিবারের পাঁচজনের প্রাণহানির ঘটনাটি মর্মান্তিক। অগ্নিকাণ্ডে প্রাণহানি ও ক্ষয়ক্ষতি এড়াতে সব দুর্ঘটনার সুষ্ঠু তদন্ত, বিল্ডিং কোড অনুসরণ এবং আবাসিক এলাকার পূর্ণাঙ্গ আবাসন মান বাড়াতে হবে যেকোনো উপায়ে।
- (গ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** আগামী অর্ধবছর থেকেই অর্থ ও বয়সসীমা নতুনভাবে নির্ধারণের মাধ্যমে চালু হবে বিশেষ বয়স্ক ভাতা। সরকারের এই পদক্ষেপ অবশ্যই প্রশংসনীয়। তবে বিশেষ বয়স্ক ভাতার সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়া যাতে স্বচ্ছ হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নজরদারি করতে হবে।
- (ঘ) **আজকের বাংলাদেশ:** সাম্প্রতিক নেপালের পোখরা ইয়োগি এয়ারলাইন্সের একটি বিমান অবতরণের সময় বিধ্বস্ত হওয়ায় ব্যাপক প্রাণহানি ঘটেছে। গত তিন দশকে দেশটিতে ২৭টি বিমান দুর্ঘটনা ঘটেছে। যান্ত্রিক ত্রুটির কারণেই যদি এই দুর্ঘটনা ঘটে থাকে, তবে দায়ীদের অবশ্যই বিচারের কাঠগড়ায় দাঁড় করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। স্মার্ট বাংলাদেশ: বিকশিত হোক নৈতিক মূল্যবোধ- মো. শামসুল হদা (আজকের বাংলাদেশ)
- ০২। বিবিসির ৮১ বছরের শ্রেষ্ঠ অবদান ১৯৭১ ডেসপাচ- ড. এম এ মোমেন (দৈনিক স্বজন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক জাহান, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক ঈশিকা, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক দিগন্ত বাংলা)
- ০৩। বাংলাদেশে আমেরিকার ভূমিকা এবং 'ভুল ওষুধ'- ড. অরুন কুমার গোস্বামী (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৪। বৈদেশিক সমুদ্র সংকটের সমাধান কোথায়?- মোহাম্মদ মারুফ হোসেন (দৈনিক সবুজ)

#